৯৮

দৈনিক সংবাদ

তারিখ 21 MAR 1986
পৃষ্ঠা … কলাম 3

004

# সংস্কারের অভাবে কিশোরগঞ্জের প্রাথমিক বিদ্যালয়গুলোর জীর্ণদশা ॥ লেখাপড়া ব্যাহত

কিশোরগঞ্জ, ১৮ই মার্চ (নিজস্ব সংবাদদাতা)।—দীর্ঘদিন যাবৎ প্রয়োজনীয় সংস্কার ও সম্প্রসারণের অভাবে কিশোরগঞ্জ জেলার অর্ধ শতাধিক বিদ্যালয় ভবনের ভগ্নদশা ও জরাজীর্ণতার কারণে এ জেলায় প্রাথমিক শিক্ষা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

বিদ্যালয়ের অনেকগুলোতেই বর্তমানে ক্লাস বসা ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। ফলে অনেক ক্ষেত্রে বিদ্যালয় ভবনের বদলে পার্শ্ববর্তী বাড়ীর বাংলা ঘর, সংলগ্ন কোন মক্তব বা মাদ্রাসা, বিএডিসি'র গুদাম ঘর অথবা বিদ্যালয় প্রাঙ্গণের কোন গাছের তলায় খোলা আকাশের নীচে মাটিতে বসে ক্লাস চালানো হচ্ছে। এতে ছেলেমেয়েদের লেখাপড়া চরমভাবে বিঘ্নিত হচ্ছে।

প্রাথমিকবিদ্যালয়; ভৈরব উপজেলার তেরিমচর ও ভৈরব সরকারি প্রাথমিক বিদ্যালয়; কুলিয়ারচর উপজেলার আদমপুর, কোমরকান্দা, আবদুল্লাপুর ও বীরকাশিমনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়; হোসেনপুর উপজেলার ধুলজুড়ি ও কাউনা সরকারী প্রাথমিক বিদ্যালয়; অষ্টগ্রাম উপজেলার মধ্য অষ্টগ্রাম, কদমচল ও বয়েরপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়; পাকুন্দিয়া উপজেলার চণ্ডিপাশা, তারাকান্দি, মঠখোলা, চরফরাদি, কোদালিয়া ও বাহরামখান সরকারী প্রাথমিক বিদ্যালয়; মিঠামইন উপজেলার দৌলতপুর ও কাঠখাল সরকারী প্রাথমিক বিদ্যালয়; ইটনা উপজেলার রায়টুটি, শিমুলবাগ, পাঁচকাহানিয়া, বড়হাতি, কোবিলা, কুর্শী, জয়সিদ্ধি ও পুজারকান্দা সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং নিকলী উপজেলার সিংপুর, নানশ্রী ও ডুবি সরকারী প্রাথমিক বিদ্যালয়।